

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৯

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৩৫. মাসের শেষের দিকে রোযা রাখা

بَابِ الصَّوْمِ مِنْ سَرَرِ الشَّهْرِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا الْجُرَيْرِيُّ عَنْ أَبِي الْعَلَاءِ بْنِ الشِّخِيرِ عَنْ مُطَرِّفٍ عَنْ عَرْ الشِّخِيرِ عَنْ مُطَرِّفٍ عَنْ سَرَرِ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِرَجُلٍ هَلْ صُمْتَ مِنْ سَرَرِ هَذَا الشَّهْرِ فَقَالَ لَا قَالَ فَإِذَا أَفْطَرْتَ مِنْ رَمَضَانَ فَصَمُ يَوْمَيْنِ قَالَ أَبُو مُحَمَّد سَرَرُهُ آخِرُهُ

বাংলা

১৭৭৯. ইমরান ইবন হুসাইন রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলূলাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে জিজ্ঞাসা করেন: "তুমি কি এ মাসের শেষে[1] রোযা রাখ?" সে বলে, না। তিনি বললেনঃ "যখন তুমি রামাযানের রোযা শেষ করবে, তখন দু'দিন রোযা রাখবে।"[2]আবূ মুহাম্মদ বলেন, 'أَخْرُهُ' 'এর শেষাংশে'।

ফুটনোট

- [1] আবী উবাইদ এবং জমহুর তথা অধিকাংশ উলামা এ অর্থই বলেছেন। এ ছাড়া এ সম্পর্কে এও বলা হয়েছে যে, মাসের শুরু'। এবং 'মাসের মাঝামাঝি' ও বলা হয়েছে।
- [2] তাহক্বীক: এর সনদ সহীহ। আর হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, সাওম ১৯৮৩; মুসলিম, সিয়াম ১১৬১। এছাড়াও তাবারাণী, আল কাবীর ১৮/১১৪, ১১৫, ১১৬ নং ২১৯-২২৫; তাহাবী, শারহু মা'আনিল আছার ২/৮৪; বাইহাকী, মা'রিফাহ নং ৮৫৯৬; ইবনু হাযম আল মুহাল্লা ৭/২৪।



আমরা এর পূর্ণ তাখরীজ এবং টীকা দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৫৮৭, ৩৫৮৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন